অকিঞ্চন

বঙ্গীয় শব্দকোষ

বিণ [ন কিঞ্চন যাহার, ময়ূরব্যংসকাদি; স্ত্রী -না]

১ যাহার কিছুই নাই; নিঃস্ব, নির্ধন, দরিদ্র।

"অকিঞ্চনঃ সন্ প্রভবঃ স সম্পদাম্ কু.স ৫.৭৭। °ত্ব রঘু ৫.১৬। মাঘ ৪.৬৪। মনু ৮.৩৯৫। পরম সানন্দে বলি হইয়া অকিঞ্চন। চলিল পাতালপুরে ছাড়ি মহাধন।। গ ৮২। শি ১০০। ভাট অকিঞ্চন জন$_0$ ধন দিয়ে কৈল সভার মান চৈ.চ ৫৩।

২ বিষয়-বিরক্ত, সংসার-বিরাগী।

"চৈ.চ ২২৪; এ সব ছাড়িয়া আর বর্ণাশ্রমধর্ম্ম। অকিঞ্চন হৈয়া লয় কৃষ্ণৈকশরণ।। ২২৫।

৩ পতিপুত্রাদিহীন।

"মহা ১৪.৯৬.৮।

৪ (বাঙ্‌লায়) একাগ্র, ঐকান্তিক (অপ্র)।

"যে জনার হরিভক্তি অকিঞ্চনা হয় ভ.গ্র ১০৭।

৫ অধম, নীচ।

"আমি অতি হেয় ও অকিঞ্চন আ.হু ১৫৭।

-ন পুং

১ বিষয়-বিরক্ত জন; ভক্ত (শ্রীধর)। "°গোচর ভ ৮.১.১৬; °বিত্ত ২৬। কর দুঃখ মোচন, অকিঞ্চনের আকিঞ্চন, গৃহাণ কমল কমলাকান্ত দা ৮২১।

২ দীন, জ্ঞানহীন।

"কৃপা প্রভু কর অকিঞ্চনে মে ১০৯।

৩ (বাঙ্‌লায়) কৃপণ, দীন, অনাথ, বেচারা।

"শুন অকিঞ্চনের গোহারি ক.চ ২০৭, ২৪৮। এইরূপে অকিঞ্চনে করিলেন দয়া শ্রী মা ৯। দয়া কর কেন দুঃখ দেও অকিঞ্চনে শি ৯২। [অকিঞ্চনবেশে-বিরাগিবেশে, সন্ন্যাসিভাবে। "আপনি অখিলগুরু অকিঞ্চনবেে। জীব লাগি জগন্নাথ ভ্রমে দেশে দেশে।। শ্রী ১০০। এবে অকিঞ্চনবেশে, ফিরে পহুঁ দেশে দেশে ন.প ৩৭৪।